

Subject : BUSINESS STUDIES

Topic : Planning and Organising

Some selected questions with answers

SAQ

1) ব্যবস্থাপনার প্রথম ও প্রধান কাজ কি ?

Ans : ব্যবস্থাপনার প্রথম ও প্রধান কাজ হল পরিকল্পনা প্রণয়ন কর

2) পরিকল্পনা কি অতীত ঘটনার জন্য করা হয় ?

Ans : না , পরিকল্পনা সবসময় ভবিষ্যৎ ঘটনার জন্য প্রণয়ন করা হয় , এটা একটা অগ্রগামী দৃষ্টিভঙ্গি

3) সংগঠনের প্রাচীনতম রূপটি কি ?

Ans: সংগঠনের প্রাচীনতম রূপ হল রৈখিক সংগঠন

4) জবাবদিহিকরণের উৎস কি ?

Ans : দায়িত্ব হল জবাবদিহিকরণের উৎস

MCQ

5) নিচের কোনটি একক ব্যবহার (Single Use ) পরিকল্পনা ?

a পদ্ধতি

b কৌশল

c বাজেট

d নিয়ম

Ans c) বাজেট

For 4 marks

6) বাজেট কি ? একটা উত্তম বাজেট এর অপরিহার্য বিষয়গুলি বর্ণনা কর ,

Ans : বাজেট হল সংখ্যায় প্রকাশিত প্রত্যাশিত ফলাফলের একটি বিবরণী , যা ভবিষ্যতের একটা নির্দিষ্ট সময়কালের জন্য প্রস্তুত করা হয় ।

একটা উত্তম বাজেট এর অপরিহার্য বিষয় গুলো হল -----

- 1 বাজেট একটা সুনির্দিষ্ট সময়কালের জন্য প্রস্তুত করা উচিত
- 2 অতীত তথ্য ও সংখ্যার ওপর ভিত্তি করে এটা প্রস্তুত করা উচিত
- 3 কোন বাজেট প্রস্তুত করার সময় শীর্ষস্তরের ব্যবস্থাপনার সক্রিয় অংশগ্রহণ প্রয়োজন
- 4 এটা বাস্তবধর্মী হওয়া প্রয়োজন
- 5 বাজেট নমনীয় হওয়া উচিত
- 6 বাজেট সরল ও সহজ বোধ্য হওয়া উচিত
- 7) অনিয়মমাফিক বা বিধিবহির্ভূত সংগঠনের বৈশিষ্ট্য গুলি আলোচনা কর

Ans : ব্যক্তিগত মনোভাব , পছন্দ, অপছন্দ , আবেগ পক্ষপাত প্রভৃতির ভিত্তিতে কর্মীদের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে ওঠার দরুন স্বতঃস্ফূর্ত ভাবে যে সংগঠন সৃষ্টি হয় , তাকে অনিয়মমাফিক বা বিধিবহির্ভূত সংগঠন বলে

বৈশিষ্ট্য

- 1 সদস্যদের মধ্যে সামাজিক আন্তর্ক্রিয়ার ফলে অনিয়মমাফিক সংগঠন গড়ে ওঠে
- 2 এটা হল সামাজিক সম্পর্কের একটা অপরিবর্তিত নেটওয়ার্ক
- 3 ব্যক্তিগত মনোভাব , পছন্দ , অপছন্দ , আবেগ , পক্ষপাত প্রভৃতির ভিত্তিতে স্বতঃস্ফূর্ত ভাবে এই সংগঠন সৃষ্টি হয়
- 4 এর কোন পূর্বনির্ধারিত উদ্দেশ্য থাকে না
- 5 মানুষের সামাজিক ও মানসিক প্রয়োজন মেটানোর জন্য এই সংগঠন সৃষ্টি হয়
- 6 এই সংগঠনের সদস্যপদ স্বৈচ্ছাকৃত
- 7 এর কোন লিখিত নিয়মকানুন নেই
- 8 এই সংগঠনের অস্তিত্ব নিয়মমাফিক সংগঠনের ওপর নির্ভর করে , কারণ যদি নিয়মমাফিক সংগঠনের অবসায়ন ঘটে তবে এই সংগঠনের ও পরিসমাপ্তি ঘটে
- 8) কেন্দ্রীকরণের সীমাবদ্ধতা আলোচনা করো

Ans : কেন্দ্রীকরণের অসুবিধা বা সীমাবদ্ধতা গুলি হল -----

- 1 কেন্দ্রীকরণ শীর্ষ স্তরের ব্যবস্থাপকের কাজের ভার বৃদ্ধি করে ,
- 2 কেন্দ্রীকরণের ফলে সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব হয় , কারণ শীর্ষ স্তরের ব্যবস্থাপক সকল সিদ্ধান্ত নেন ,
- 3 উচ্চ স্তরের কর্তৃত্ব এর অপব্যবহারের সুযোগ থাকে ,
- 4 যদি শীর্ষ স্তরে কর্তৃত্ব কেন্দ্রীভূত হয় , তবে মধ্য ও নিম্ন স্তরের কর্মীরা কাজে উৎসাহ ও উদ্দীপনা হারাতে পারে ,
- 5 কেন্দ্রীকরণ নিম্নস্তরের কর্মীদের গুরুত্ব হ্রাস করে , কারণ তাদের কোন কর্তৃত্ব থাকে না ,